

উপস্থিত :- মোঃ হাসান জামান, সিনিয়র সহকারী জজ
সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া, চট্টগ্রাম।

আদেশ নং-০৯

তারিখ- ১৯/০৬/২০২২ ইং

অদ্য সোলেনামা বিষয়ক আদেশের জন্য দিন ধার্য আছে। নথি আদেশের জন্য গ্রহণ করলাম। হোসনেয়ারা (P.W.1) এবং মহিউদ্দিন (D.W.1) এর গৃহীত জবানবন্দি, নথি, দাখিলকৃত কাগজাদি ও গত ২৫/০৫/২০২২ খ্রিঃ তারিখের সোলেনামা দেখলাম এবং পর্যালোচনা করলাম। সোলেনামায় বর্ণিত আপসের শর্তসমূহ সুষ্ঠু ও বৈধ হওয়ায় উক্ত সোলেনামা গ্রহণ করা হলো। প্রতীয়মান হয় যে, অত্র মোকদ্দমা ঘোলেসুত্রে নিষ্পত্তিযোগ্য।

প্রদত্ত কোর্ট ফি সঠিক।

অতএব,

আদেশ হয় যে,

দলিল সংশোধনের প্রার্থনায় আনীত অত্র মোকদ্দমা ১/৩/৪ নং বিবাদীপক্ষের বিবুদ্ধে সোলেসুত্রে এবং অপরাপর বিবাদীদেও বিবুদ্ধে একত্রফা সুত্রে বিনাখরচায় ডিক্রি হলো।
দাখিলী গত ২২/০৫/২০২২ খ্রিঃ তারিখের সোলেনামা অত্র ডিক্রির একাংশ গণ্য হলো।

এতদ্বারা দাতা-দিল আহমদ কর্তৃক গ্রহীতা-বিবাদী হোসনেয়ারা বেগম এর অনুকূলে সম্পাদিত সদর সাব-রেজিস্ট্রি অফিস, চট্টগ্রাম গত ২৯/০৬/১৯৯৮ খ্রিঃ তারিখে রেজিস্ট্রিকৃত ৪১৬৬ নম্বর বিক্রয় কবালা দলিলের তফসিলে বি.এস ৩৫৫ তিনশত পঞ্চাশ নম্বর দাগের স্থলে বি এস ৩৪৩ তিনশত তেতাল্লিশ নম্বর দাগ লিপিবদ্ধ করে উক্ত মূল দলিলটি সংশোধন করার (বাদীপক্ষ কর্তৃক সংশিষ্ট সাব-রেজিস্ট্রারের নিকট উপস্থাপন সাপেক্ষে) এবং তৎকারণে উক্ত দলিল সংশ্লিষ্ট বালামবহির সংশিষ্ট পৃষ্ঠায় প্রযোজনীয় সংশোধনী আনয়ন করার জন্য সদর সাব-রেজিস্ট্রার, চট্টগ্রাম কে নির্দেশ দেওয়া হলো।

আরজীর সত্যায়িত ফটোকপিসহ অত্র ডিক্রির অনুলিপি অবগতি ও কার্যার্থে সদর সাব-রেজিস্ট্রার, চট্টগ্রাম বরাবর প্রেরণ করা হোক।

আমার স্বত্ত্বে লিখিত ও সংশোধিত

(মোঃ হাসান জামান) সিনিয়র সহকারী জজ সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া, চট্টগ্রাম	(মোঃ হাসান জামান) সিনিয়র সহকারী জজ সিনিয়র সহকারী জজ, ২য় আদালত, পটিয়া, চট্টগ্রাম
--	--